

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২২৭৩

৩২/ স্বপ্ন ও তার তাৎপর্য (ﷺ)

পরিচ্ছেদঃ ৩. আল্লাহ তা'আলার বাণীঃ পার্থিব জীবনে তাদের জন্য আছে সুসংবাদ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ رَجُلٍ، مِنْ أَهْلِ مِصْرَ قَالَ سَأَلْتُ أَبَا الدَّرْدَاءِ عَنْ قَوْلِ اللَّهِ تَعَالَى: (لَهُمُ الْبُشْرَى فِي الْحَيَاةِ الدُّنْيَا) فَقَالَ مَا سَأَلَنِي عَنْهَا أَحَدٌ غَيْرَكَ إِلاَّ رَجُلٌ وَاحِدٌ مُنْذُ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " مَا سَأَلْنِي عَنْهَا صلى الله عليه وسلم فَقَالَ " مَا سَأَلْنِي عَنْهَا أَحَدٌ غَيْرَكَ إِلاَّ رَجُلٌ وَاحِدٌ مُنْذُ أُنْزِلَتْ هِيَ الرُّونَيَا الصَّالِحَةُ يَرَاهَا الْمُسْلِمُ أَوْ تُرَى لَهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ .

বাংলা

২২৭৩। জনৈক মিসরীয় ব্যক্তি হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি আবূদ দারদা (রাঃ)-কে আল্লাহ্ তা'আলার বাণীঃ "দুনিয়াবী জীবনে তাদের জন্য রয়েছে সুসংবাদ" (সূরাঃ ইউনুস-৬৪) প্রসঙ্গে প্রশ্ন করলাম। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামকে এ প্রসঙ্গে প্রশ্ন করার পর হতে আজ পর্যন্ত শুধুমাত্র তুমি ও অপর এক ব্যক্তি ব্যতীত আর কেউ আমাকে প্রশ্ন করেনি। আমি এ বিষয়ে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করলে তিনি বলেনঃ এই আয়াত নাযিলের পর হতে আজ পর্যন্ত আমাকে তুমি ব্যতীত আর কোন ব্যক্তি এ বিষয়ে প্রশ্ন করেনি। আর তা (বুশরা) হল সত্য স্বপ্ন যা মুসলিম ব্যক্তি দেখে বা তাকে দেখানো হয়।

সহীহ, সহীহাহ (১৭৮৬), মুসলিম।

আবূ ঈসা বলেন, উবাদাহ্ ইবনুস সামিত (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান।

English

'Ata' bin Yasar narrated from a man among the inhabitants of Egypt who said:

I asked Abu Ad-Darda about the saying of Allah, Most High: 'For them are



glad tidings in the life of the present world' so he said: 'No one other than you asked me about it, except for one man, since I asked the Messenger of Allah (s.a.w), he said: 'No one other than you has asked me about it since it was revealed: This Ayah refers to the righteous dreams which the Muslim sees or which are seen about him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন